গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা
www.dgfood.gov.bd

## পুন:দরপত্র বিজ্ঞপ্তি (ফ্রেমওয়ার্ক চুক্তি)

<table>
<tr><td>ক্র. নং</td><td>মন্ত্রণালয়/বিভাগ</td><td colspan="3">খাদ্য মন্ত্রণালয়</td></tr>
<tr><td>০১।</td><td>প্রতিষ্ঠানের নাম</td><td colspan="3">খাদ্য অধিদপ্তর, ঢাকা</td></tr>
<tr><td>০২।</td><td>ক্রয়কারী/সংগ্রহকারীর নাম</td><td colspan="3">পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা</td></tr>
<tr><td>০৩।</td><td>দরপত্র বিজ্ঞপ্তি'র স্মারক নং-</td><td colspan="3">১৩.০১.০০০০.০৩২.৩০.০১৮.২৪.১৩০ তারিখ: ২৭/০২/২০২৫খ্রি.</td></tr>
<tr><td>০৪।</td><td>দরপত্র বিক্রয় পদ্ধতি</td><td colspan="3">উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ফ্রেমওয়ার্ক চুক্তি) পিপিআর-২০০৮ অনুযায়ী পরিচালিত হবে</td></tr>
<tr><td>০৫।</td><td>বাজেট এবং তহবিলের উৎস</td><td colspan="3">জিওবি রাজস্ব</td></tr>
<tr><td>০৬।</td><td>দরপত্রের প্যাকেজ নং ও প্যাকেজের নাম</td><td colspan="3">প্যাকেজ নং: ০১. বিভিন্ন প্রকার ব্যবহার্য সামগ্রী</td></tr>
<tr><td>০৭।</td><td>দরপত্র (সিডিউল) প্রাপ্তির স্থান, শেষ তারিখ ও সময়</td><td colspan="3">নেজারত শাখা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা<br>১৩/০৩/২০২৫খ্রি. সময়: ৩.০০ ঘটিকা পর্যন্ত</td></tr>
<tr><td>০৮।</td><td>দরপত্র জমা দেওয়ার স্থান</td><td colspan="3">উপপরিচালক (সংস্থাপন), অতিরিক্ত দায়িত্ব, পিপিটি শাখা, প্রশাসন বিভাগ, ২য় তলা, অফিস কক্ষ নং-১১৭, খাদ্য অধিদপ্তর, ঢাকা</td></tr>
<tr><td>০৯।</td><td>দরপত্র গ্রহণ/জমার সর্বশেষ তারিখ ও সময়</td><td colspan="3">১৬/০৩/২০২৫খ্রি. সময়: দুপুর ১২.০০ ঘটিকা</td></tr>
<tr><td>১০।</td><td>দরপত্র দলিল খোলার স্থান, তারিখ ও সময়</td><td colspan="3">২য় তলা, সভাকক্ষ, খাদ্য অধিদপ্তর, ঢাকা ১৬/০৩/২০২৫খ্রি. সময়: দুপুর ২.০০ ঘটিকা</td></tr>
<tr><td>১১।</td><td>দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়</td><td colspan="3">১৬/০৩/২০২৫খ্রি. সময়: দুপুর ২.০০ ঘটিকা</td></tr>
<tr><td>১২।</td><td>দরপত্র (সিডিউল) দলিলের তথ্যাদি</td><td colspan="3">টেন্ডার দলিলের (সিডিউল) শর্তানুযায়ী/চাহিদানুযায়ী প্রয়োজনী দলিলপত্র দরপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে এবং কর্তৃপক্ষ চাহিবা মাত্র দলিলপত্রের মূলকপি দেখাতে বাধ্য থাকবেন</td></tr>
<tr><td>১৩।</td><td>দরপত্র দাতার যোগ্যতা</td><td colspan="3">(ক) প্রকৃত স্বনামধন্য ব্যবসায়ী/ঠিকাদার/ সরবরাহকারী/উৎপাদনকারী/ উৎপাদনকারীর বৈধ প্রতিনিধি ও সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদার/সরবরাহকারী।<br>(খ) দরপত্র দাতার টিন নম্বর সহ হালনাগাদ আয়কর পরিশোধের সার্টিফিকেট, ভ্যাট রেজিস্ট্রেশন ও ট্রেড লাইসেন্স থাকতে হবে।<br>(গ) কালো তালিকাভূক্ত নয় মর্মে অঙ্গিকারনামা, নমুনা স্বাক্ষর, মালিকানা সনদপত্র, ব্যাংক স্টেটমেন্টের মুল কপি, পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবি ও দরপত্র জামানত।<br>(ঘ) টেন্ডার ডকুমেন্টে উল্লিখিত শর্তাবলী যথাযথ অনুসরণপূর্বক সকল কাগজপত্রাদি সত্যায়িত করে দাখিল করতে হবে।</td></tr>
<tr><td>১৪।</td><td>পণ্য ও সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিবরণ</td><td colspan="3">দরপত্র সিডিউলের বর্ণনানুযায়ী</td></tr>
<tr><td>১৫।</td><td>প্রাক দরপত্র সভার স্থান, তারিখ ও সময়</td><td colspan="3">২য় তলা, সভাকক্ষ, খাদ্য অধিদপ্তর, ঢাকা তারিখ: ১১/০৩/২০২৫খ্রি. সময়: ২.৩০ ঘটিকা</td></tr>
<tr><td>১৬।</td><td>কার্য সম্পাদনের সময়</td><td colspan="3">দরপত্র প্যাকেজে উল্লিখিত মালামাল/সামগ্রী/পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য নির্বাচিত সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে পিপিআর বিধি-৮৯ অনুযায়ী এবং পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এর ৩৬ ধরা অনুসরণে ২ (দুই) বছর মেয়াদি অর্থাৎ ২০২৪-২০২৫ হতে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য ফ্রেমওয়ার্ক চুক্তি করা হবে এবং সময় সময়ে কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক কার্যাদেশের ভিত্তিতে দরপত্রে প্রস্তাবিত মূল্যে দরপত্র প্যাকেজে উল্লিখিত মালামাল/সামগ্রী/পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে হবে।</td></tr>
<tr><td rowspan="2">১৭।</td><td>প্যাকেজ নং ও প্যাকেজের নাম</td><td>টেন্ডার ডকুমেন্টস (সিডিউল) মূল্য (অফেরতযোগ্য)</td><td>টেন্ডার সিকিউরিটি</td><td>কার্যসম্পাদন/ সরবরাহের সময়সীমা</td></tr>
<tr><td>প্যাকেজ নং: ০১ বিভিন্ন প্রকার ব্যবহার্য সামগ্রী</td><td>৫০০/- (পাঁচশত) টাকা</td><td>৯০,০০০/- (নব্বই হাজার) টাকা</td><td>২০২৪-২০২৫ হতে ২০২৫-২০২৬ অর্থবছরের</td></tr>
<tr><td>১৮।</td><td>দরপত্র সিডিউলের মূল্য ও দরপত্র জামানত জমা</td><td colspan="3">সিডিউলের মূল্য পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা এর বরাবরে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে ট্রেজারি চালানের মাধ্যমে কোড নং-১৪৮০২০১১৩০২২০-১৪২২৩২৮ দরপত্র দলিল ফি খাতে টাকা জমা দিয়ে চালানের মূলকপি দরপত্র (সিডিউল) এর সাথে দাখিল করতে হবে। (Online- এ চালান যাচাই করা হবে)। দরপত্র জামানতের টাকা পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে পে-অর্ডার আকারে জমা দিতে হবে (যার সঠিকতা যাচাই করা হবে)।</td></tr>
<tr><td>১৯।</td><td>দরপত্র আহ্বানকারী অফিসের সহিত যোগাযোগের মাধ্যম</td><td colspan="3">ফোনঃ ০২-৪১০৫৩৯১৪, ই-মেইল- dadm@dgfood.gov.bd</td></tr>
<tr><td>২০।</td><td>দরপত্রের সঠিক মেয়াদকাল</td><td colspan="3">দরপত্র সিডিউলে উল্লিখিত সময় অনুযায়ী</td></tr>
<tr><td>২১।</td><td>বিশেষ নির্দেশাবলী</td><td colspan="3">(১) দরপত্র 'পাবলিক প্রকিউরমেন্ট আইন -২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এবং পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধিত) আইন ২০১৬ এর সকল ধারা-উপধারা অনুযায়ী পরিচালিত হবে।<br>(২) নির্বাহী আদেশ/অনিবার্য করণবশত: দরপত্র ক্রয়/দাখিলের তারিখে দপ্তর বন্ধ থাকলে পরবর্তী কার্যদিবসে যথাক্রমে দরপত্র ক্রয় ও দাখিল করা যেতে পারে।<br>(৩) নিম্নস্বাক্ষরকারী বরাবর সংশ্লিষ্ট দরপত্র গ্রহীতাদের নিজস্ব লেটার হেড প্যাডে লিখিত আবেদনের মাধ্যমে দরপত্রের শর্ত মোতাবেক দরপত্র দাখিল করতে হবে। দাখিলকৃত দরে কোন প্রকার কাটাকাটি, ওভার রাইটিং/ঘষামাজা কিংবা লেখা অস্পষ্ট হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। খামের উপর অবশ্যই প্যাকেজ নম্বর ও বিবরণ উল্লেখ করতে হবে।<br>(৪) ব্যক্তি বা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর স্বাক্ষরযুক্ত প্যাডে আবেদনপূর্বক ১৩নং ক্রমিকে বর্ণিত সকল কাগজের মূলকপি প্রদর্শনপূর্বক বর্ণিত স্থান হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত দরপত্র সিডিউল সংগ্রহ করা যাবে।<br>(৫) নির্বাচিত সরবরাহকারী/ঠিকাদার/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের সাথে পিপিআর-২০০৮ এর বিধি ৮৯ এবং 'পাবলিক প্রকিউরমেন্ট আইন -২০০৬ এর ৩৬ ধারা অনুসরণে ২(দুই) বছর মেয়াদি ফ্রেমওয়ার্ক চুক্তি করা হবে। চুক্তিবদ্ধ ঠিকাদার চুক্তির শর্তে উল্লিখিত সময়ব্যাপী নির্দিষ্ট দামে মালামাল/কার্য সরবরাহ/সম্পাদন করতে বাধ্য থাকবেন।<br>(৬) ঠিকাদার ব্যতীত ঠিকাদার কর্তৃক প্রদত্ত ক্ষমতাপত্রসহ প্রেরিত প্রতিনিধি ছাড়া অন্য ব্যক্তিকে সিডিউল প্রদান করা যাবে না।<br>(৭) বর্ণিত পন্য-সামগ্রী ও সেবার স্পেসিফিকেশন দরপত্রের সাথে পাওয়া যাবে এবং অফিস সময়কালে নিম্নস্বাক্ষরকারীর শাখা হতে বিস্তারিত জানা যাবে।<br>(৮) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল দরপত্র বাতিল অথবা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।<br>(৯) দরপত্রের সাথে প্রয়োজনীয় নমুনা (প্রযোজ্য ক্ষেত্রে) জমা দিতে হবে।</td></tr>
</table>

২৭.০২.২৫

মোঃ জামাল হোসেন
পরিচালক
প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা